

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পরিকল্পনা কমিশন  
শিল্প ও শক্তি বিভাগ  
শিল্প ও সমন্বয়-৩ শাখা

স্মারক নং-২০.০৫.০০০০.৫১২.০৬.০০৩.১৮(অংশ-১). ৩২

তারিখঃ ১২ ফাল্গুন ১৪৩০  
২৫ ফেব্রুয়ারি ২০২৪

বিষয়ঃ শিল্প ও শক্তি বিভাগের জানুয়ারি ২০২৪ এর মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

শিল্প ও শক্তি বিভাগের সদস্য (সচিব) মহোদয়ের সভাপতিত্বে গত ১১/০২/২০২৪ তারিখে অনুষ্ঠিত এ বিভাগের মাসিক সমন্বয় সভার অনুমোদিত কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

৬ ২৫/০২/২০২৪  
(মাশুকাতে রাখি)  
সিনিয়র সহকারী প্রধান  
ফোনঃ ৯১৮০৬২৭

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। যুগ্মপ্রধান, বিদ্যুৎ/ওজিএনআর/শিল্প ও সমন্বয়/ইএন্ডই/বঙ্গ, পাট, শ্রম ও কর্মসংস্থান উইং, শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।
- ২। উপ-প্রধান, বিদ্যুৎ/ওজিএনআর/শিল্প ও সমন্বয়/ইএন্ডই/বঙ্গ, পাট, শ্রম ও কর্মসংস্থান উইং, শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।
- ৩। সিঃ সহকারী প্রধান/সহকারী প্রধান/গবেষণা কর্মকর্তা (সকল), শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, (ওয়েব-সাইটে প্রকাশের জন্য)।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

- ১। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
- ২। সদস্য মহোদয়ের একান্ত সচিব (উপপ্রধান), শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।
- ৩। প্রধান (অতিরিক্ত সচিব) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।
- ৪। সংশ্লিষ্ট নথি।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা কমিশন  
শিল্প ও শক্তিবিশিষ্ট  
শিল্প ও সমন্বয় উইং-৩



বিষয়ঃ শিল্প ও শক্তি বিভাগের জানুয়ারি, ২০২৪-এর মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

- সভাপতি : রেহানা পারভীন  
সদস্য (সচিব)  
সভার স্থান : শিল্প ও শক্তি বিভাগের সম্মেলন কক্ষ (রক নং-১০, কক্ষ নং-৩)।  
সভার তারিখ ও সময় : ১১/০২/২০২৪, সকাল ১০.৩০ টা।  
সভার উপস্থিতি : পরিশিষ্ট-‘ক’


১. আলোচনা ও সিদ্ধান্ত:

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। সভার শুরুতে সভাপতির অনুমতিক্রমে যুগ্মপ্রধান, শিল্প ও সমন্বয় উইং সভার আলোচ্যসূচি মোতাবেক বিষয়াবলি সংক্ষেপে উপস্থাপন করেন। এ পর্যায়ে বিগত সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ ও গৃহীত সিদ্ধান্ত সমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয় এবং সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্র: নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.১	সমন্বয় সভা আয়োজন	প্রতি মাসের ২য় সোমবার শিল্প ও শক্তি বিভাগের মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হবে। সকল উইং থেকে মাসের ০৫ তারিখের মধ্যে সংশ্লিষ্ট সকল তথ্য শিল্প ও সমন্বয় অনুবিভাগে প্রেরণ করতে হবে।	সকল কর্মকর্তা
১.২	ই-নথির ব্যবহার	সকল নথি যথাযথসম্ভব ই-নথির মাধ্যমে নিষ্পত্তি করতে হবে।	সকল কর্মকর্তা
১.৩	লজিস্টিকস্	ই-নথি ও দাপ্তরিক কাজ সম্পাদনের জন্য যেসকল লজিস্টিকস্ এর ঘাটতি আছে তার তথ্য সম্বলিত লিস্ট প্রণয়ন করে পরিকল্পনা বিভাগে চাহিদা দিতে হবে।	শিল্প ও সমন্বয় উইং
১.৪	প্রকল্প অনুমোদন প্রক্রিয়াকরণ	প্রকল্প প্রস্তাব প্রাপ্তির পর ‘সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন নির্দেশিকা জুন ২০২২’ অনুসারে প্রয়োজনীয় তথ্যাদি যেমন- ফিজিবিলিটি স্টাডি, জনবল কমিটির সুপারিশ, জমির প্রাপ্যতার সনদ, পরিবেশের ছাড়পত্র, সংশ্লিষ্ট ক্ষেত্রে অর্থ বিভাগের অনুমতি ইত্যাদি বিষয়ে যথাযথসম্ভব নিশ্চিত হয়ে ডিপিপি’র অনুমোদন প্রক্রিয়াকরণ করতে হবে এবং নির্দেশিকায় অনুমোদন প্রক্রিয়াকরণের জন্য উল্লিখিত সময়সূচি অনুসরণ করতে হবে।	সকল কর্মকর্তা

ক্র: নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.৫	সফটওয়্যার ব্যবহার	পরিকল্পনা বিভাগের নির্দেশনাম্ব অনুসারে PPS, PPM(AMS), MAP ও SAP এর ব্যবহার যথাসম্ভব নিশ্চিত করতে হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে অবহিত করতে হবে।	সকল কর্মকর্তা
১.৬	প্রকল্প পরিদর্শন সংক্রান্ত প্রতিবেদন	প্রকল্প পরিদর্শন শেষে প্রস্তুতকৃত প্রতিবেদনের কভার লেটারে সুনির্দিষ্ট সুপারিশ উল্লেখপূর্বক তা সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে এবং সদস্য মহোদয় বরাবর অনুলিপি প্রদান করতে হবে।	সকল কর্মকর্তা
১.৭	কর্মকর্তাদের উৎকর্ষতা সাধন	কর্মকর্তাদের উৎকর্ষ সাধনের জন্য বিভিন্ন বিষয়ের উপর প্রতি মাসে দুটি উপস্থাপনার আয়োজন করতে হবে। স্না শিল্প ও শক্তি বিভাগের যুগ্মপ্রধান জনাব নুসরাত নোমান বিষয়টি সমন্বয় করবেন।	জনাব নুসরাত নোমান যুগ্মপ্রধান ইঞ্জিনিয়ারিং এন্ড ইলেক্ট্রনিক্স উইং
১.৮	পরিকল্পনা সংক্রান্ত সফটওয়্যারের উপর আলোচনা	পরিকল্পনা সংক্রান্ত বিভিন্ন সফটওয়্যার যেমন: PPS, PPM(AMS), MAP ও SAP ইত্যাদি'র উপর কার্যক্রম বিভাগের সাথে সমন্বয় করে আলোচনা সভা আয়োজন করতে হবে।	শিল্প ও সমন্বয় উইং
১.৯	প্রকল্পের অগ্রগতি সংক্রান্ত	অনুমোদিত ব্যয় ও সময়ের মধ্যে প্রকল্প বাস্তবায়ন নিশ্চিত করার লক্ষ্যে চলমান প্রকল্পের বাস্তবায়ন সংক্রান্ত তথ্যসমূহ নির্ধারিত ছকে লিপিবদ্ধ করা হবে। প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি ব্যাহত হয়েছে এমন বিষয়গুলো চিহ্নিত করা ও তার সমাধানের প্রচেষ্টার অংশ হিসেবে প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা ও মন্ত্রণালয়/বিভাগ এর প্রতিনিধির সমন্বয়ে পর্যালোচনা সভা করা হবে।	সকল কর্মকর্তা সমন্বয় উইং

০২. প্রাসঙ্গিক অন্যান্য বিষয়সমূহ আলোচনান্তে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
 রেহানা পারভীন ২৮/০২/২০২৪  
 সদস্য (সচিব)  
 শিল্প ও শক্তি বিভাগ  
 পরিকল্পনা কমিশন